70

দৈনিক বাংলা

তারিখ ... 19 NOV 1996

পৃষ্ঠা ৬ কলাম ৪

# পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনে অবহেলা ঃ ১৬৮০ পরিদর্শকের বিরুদ্ধে ব্যবস্থা

ঢাকা বোর্ডের ১৯৯৬ সনের এসএসসি পরীক্ষায় সেট কোড পূরণ ও বৃত্ত ভরাট ভুল করার ফলে সৃষ্ট সমস্যাটি সরকার অত্যন্ত গুরুত্বের সঙ্গে পরীক্ষা-নিরীক্ষা করেছে এবং এ ধরনের ভুলের পুনরাবৃত্তি রোধের লক্ষ্যে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির প্রয়োজনে দায়ী কক্ষ পরিদর্শকদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

উক্ত পরীক্ষায় কক্ষ পরিদর্শকের দায়িত্ব পালনে অবহেলার জন্য চিহ্নিত ১৬৮০ জন কক্ষ পরিদর্শককে সারা জীবনের জন্য পরিদর্শকের দায়িত্ব থেকে বাদ দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। খবর তথ্য বিবরণীর।